দৈনিক ইনকিলাব

তারিখ ............

পৃষ্ঠা ...... কলাম ......

# ছাত্রদল নেতা-কর্মীদের অস্ত্রের মুখে জহুরুল হক হল থেকে বের করে দিয়েছে ছাত্রলীগ ক্যাডাররা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** অস্ত্রের মুখে ছাত্রদল নেতাকর্মীদের হল থেকে বের করে দিয়েছে মুজিববাদী ছাত্রলীগ ক্যাডাররা। ঘটনাটি ঘটে গতকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হলে। ক্যাম্পাস সূত্র জানায়, জহুরুল হক হলের ছাত্রলীগ সভাপতি মাইনুদ্দীন বাকু গতকাল বেলা ১টার দিকে হল শাখা ছাত্রদল সভাপতি রাহাতুল আলম রাহাদকে কাটা রাইফেল ঠেকিয়ে হল থেকে বের হয়ে যেতে বলে। ছাত্রলীগ নেতা বাবু ও এমদাদের নেতৃত্বে সশস্ত্র ছাত্রলীগ ক্যাডাররা ছাত্রদল নেতাকর্মীদের অস্ত্র প্রদর্শন করে হল থেকে বের হয়ে যেতে বলে। ছাত্রলীগ ক্যাডারদের হুমকির মুখে ছাত্রদল নেতাকর্মীরা হল সভাপতি রাহাদের নেতৃত্বে বের হয়ে আসে। তারা ক্যাম্পাসে এসে ছাত্রদলের কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় শাখার নেতাদের কাছে অভিযোগ করে। বিক্ষুব্ধ ছাত্রদল কর্মীরাএ সময় মধুর কেন্টিনে চেয়ার ছোঁড়াছুঁড়ি করলে ক্যাম্পাসে মৃদু উত্তেজনা দেখা দেয়। বাবুর নেতৃত্বে ছাত্রলীগ ক্যাডাররা গত রবিবার গভীর রাতে জহুরুল হক হলের মাঠ থেকে এসএম হলে ছাত্রদল নেতাকর্মীদের লক্ষ্য করে ৫/৬ রাউন্ড গুলী করে। এসএম হল থেকেও পাল্টা জবাব আসে।

উল্লেখ্য নির্বাচনে চারদলের বিজয়ের পর ছাত্রলীগ নেতাকর্মী ও ক্যাডাররা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল হল থেকে পালিয়ে গেলেও জহুরুল হক হলে ছাত্রলীগের অবস্থান ছিল। ছাত্রদল নেতা রাহাদ, মিশু, নাসির, শফিক, জয়নাল ও দেলোয়ারসহ ছাত্রদল নেতাকর্মীরাও হলে অবস্থান করছিল।

**জসীম হলে ছাত্রলীগ কর্মী প্রহৃত**

কবি জসীম উদ্দীন হলে ছাত্রদল কর্মীরা গত রবিবার রাতে রোকন নামে ছাত্রলীগের এক কর্মীকে মারধর করে। রোকন ক্যান্টিন ম্যানেজার লোকমান ও ক্যান্টিন বয় কানুকে প্রহার করায় ছাত্রদল কর্মীরা ক্ষিপ্ত হয়ে মারধর করে বলে জানা গেছে।